রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জুলাই ১৭, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/১৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-২২৪-আইন/আয়কর-৬/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে কর বিধিমালা, ২০২৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৩ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২) যেই ক্ষেত্রে কোনো আমদানিকৃত পণ্যের বিপরীতে ধারা ১২০ এর অধীন কর পরিশোধিত হইয়াছে এবং উক্ত আমদানিকৃত পণ্য সরবরাহ করা হয়, সেই ক্ষেত্রে উৎসে করের পরিমাণ খ-ক নিয়মে নির্ধারিত হইবে, যেখানে—

ক = ধারা ১২০ এর অধীন আমদানীকৃত পণ্যের উপর পরিশোধিত কর;

খ= ধারা ১২০ এর অধীন আমদানীকৃত পণ্যের উপর কোনো উৎসে কর পরিশোধিত না থাকিলে ধারা ৮৯ এর অধীনে যেই কর কর্তন করা হইত।";



মূল্য : টাকা ৮.০০

(২) বিধি ৪ এ উল্লিখিত সারণীর ক্রমিক নং—

(ক) ৭ এর বিপরীতে দ্বিতীয় কলামে উল্লিখিত "বা মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিযুক্ত সরবারহকারী এজেন্ট" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) ১২ এর বিপরীতে দ্বিতীয় কলামে উল্লিখিত "কমিশন" শব্দের পরে "/টার্মিনাল অপারেটর/শিপ হ্যান্ডলিং অপারেটর" চিহ্নগুলি ও শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(গ) ১৩ এর বিপরীতে দ্বিতীয় কলামের ক্রমিক নং (১) এ উল্লিখিত "গাড়ি ভাড়া" শব্দগুলির পরে ",ক্যারিয়িং সেবা এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ সেবা" কমা ও শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(ঘ) ১৬ এর বিপরীতে দ্বিতীয় কলামে উল্লিখিত "মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা অথবা তাদের চ্যানেল পার্টনারদের সার্ভিস ডেলিভারি এজেন্ট" শব্দগুলির পরিবর্তে "মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের এজেন্ট, ডিস্ট্রিবিউটর, এজেন্সি বা চ্যানেল পার্টনার, যে নামেই অভিহিত হউক না কেন" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৬ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৬। **সম্পত্তি হস্তান্তর হইতে কর আদায়।**—ধারা ১২৫ এর উদ্দেশ্যপূরণকল্পে, Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর section 17 এর sub-section (1) এর clauses (b), (c) বা (e) এর অধীন দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো নিবন্ধন কর্মকর্তা, নিম্নবর্ণিত দফা ও সারণীতে নির্ধারিত হারে কর পরিশোধ ব্যতীত, কোনো দলিল দস্তাবেজ নিবন্ধন করিবেন না।

(ক) নিম্নবর্ণিত বাণিজ্যিক এলাকায় অবস্থিত জমি বা জমিসহ বাড়ির জন্য প্রযোজ্য করহার:

**সারণী**

| ক্রমিক নং | বাণিজ্যিক এলাকার নাম | করহার |
|---|---|---|
| ১। | ঢাকার গুলশান, বনানী, মতিঝিল, দিলকুশা, নর্থ সাউথ রোড, মতিঝিল সম্প্রসারিত এলাকাসমূহ ও মহাখালী | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ২০,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ২। | ঢাকার কারওয়ান বাজার | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১২,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |

| ক্রমিক নং | বাণিজ্যিক এলাকার নাম | করহার |
|---|---|---|
| ৩। | চট্টগ্রামের আগ্রাবাদ ও সিডিএ এভিনিউ | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৮,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ৪। | নারায়ণগঞ্জ এবং ঢাকার বঙ্গবন্ধু এভিনিউ, বাড্ডা, সায়েদাবাদ, পোস্তগোলা এবং গেন্ডারিয়া | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৮,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ৫। | ঢাকার উত্তরা, সোনারগাঁও, জনপথ, শাহবাগ, পান্থপথ, বাংলামোটর এবং কাকরাইল | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১২,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ৬। | ঢাকার নবাবপুর এবং ফুলবাড়িয়া | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৬,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |

তবে শর্ত থাকে যে, যদি জমিতে কোনো স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস থাকে তবে, প্রতি বর্গ মিটারে ৮০০ (আটশত) টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিল মূল্যের ৮% (আট শতাংশ) এর মধ্যে যাহা সর্বোচ্চ সেই হারে অতিরিক্ত কর প্রযোজ্য হইবে;

(খ) নিম্নবর্ণিত এলাকায় অবস্থিত জমি বা জমিসহ বাড়ি এর জন্য প্রযোজ্য করহার:

**সারণী**

| ক্রমিক নং | বাণিজ্যিক এলাকার নাম | করহার |
|---|---|---|
| ১। | ঢাকার উত্তরা (সেক্টর ১-৯), খিলগাঁও পুনর্বাসন এলাকা (১০০ ফিট রাস্তার পাশে), আজিমপুর, রাজারবাগ পুনর্বাসন এলাকা (বিশ্ব রোডের পাশে) এবং চট্টগ্রামের আগ্রাবাদ, হালিশহর, পাঁচলাইশ, নাসিরাবাদ, মেহেদিবাগ | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৩,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ২। | ঢাকার গুলশান, বনানী,বনানী ডিওএইচএস, ধানমন্ডি, বারিধারা ডিওএইচএস, মহাখালী ডিওএইচএস, বসুন্ধরা (ব্লক এ-জে), নিকেতন, বারিধারা | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১০,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |

| ক্রমিক নং | বাণিজ্যিক এলাকার নাম | করহার |
|---|---|---|
| ৩। | ঢাকার রাজউক পূর্বাচল আবাসিক মডেল টাউন, বসুন্ধরা (ব্লক কে-পি) এবং ঝিলমিল আবাসিক এলাকা | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৩,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ৪। | ঢাকার কাকরাইল, সেগুনবাগিচা, বিজয়নগর, ইস্কাটন, গ্রীনরোড, এলিফ্যান্ট রোড, ফকিরাপুল, আরামবাগ, মগবাজার (মূল রাস্তার একশত ফিটের মধ্যে), তেজগাঁও শিল্প এলাকা, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও প্রশাসনিক এলাকা, লালমাটিয়া, ক্যান্টনমেন্ট এবং চট্টগ্রামের খুলশী | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ৫। | ঢাকার কাকরাইল, সেগুনবাগিচা, বিজয়নগর, ইস্কাটন, গ্রীনরোড, এলিফ্যান্ট রোড (মূল রাস্তার একশত ফিটের বাহিরে) | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ২,৫০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ৬। | গ্রীনরোড (ঢাকার ধানমন্ডি আবাসিক এলাকার রোড নং ৩ হইতে রোড নং ৮ পর্যন্ত) | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ৭। | ঢাকার উত্তরা (সেক্টর ১০-১৪), নিকুঞ্জ (দক্ষিণ), নিকুঞ্জ (উত্তর), বাড্ডা পুনর্বাসন এলাকা, গেন্ডারিয়া পুনর্বাসন এলাকা, শ্যামপুর পুনর্বাসন এলাকা, আইজি বাগান পুনর্বাসন এলাকা ও টঙ্গী শিল্প এলাকা | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,২০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ৮। | ঢাকার শ্যামপুর শিল্প এলাকা, পোস্তগোলা শিল্প এলাকা, জুরাইন শিল্প এলাকা | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |
| ৯। | ঢাকার খিলগাঁও পুনর্বাসন এলাকা (একশত ফিটের কম প্রশস্ত রাস্তার পাশে), রাজারবাগ পুনর্বাসন এলাকা (চল্লিশ ফিট ও অন্যান্য অভ্যন্তরীণ রাস্তার পাশে) | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,৫০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |

| ক্রমিক নং | বাণিজ্যিক এলাকার নাম | করহার |
|---|---|---|
| ১০। | ঢাকার গোড়ান (চল্লিশ ফিট রাস্তার পাশে), হাজারীবাগ ট্যানারী এলাকা | দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৬০,০০০ টাকা যাহা সর্বোচ্চ |

তবে শর্ত থাকে যে, যদি জমিতে কোনো স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস থাকে তবে, প্রতি বর্গ মিটারে ৮০০ (আটশত) টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিল মূল্যের ৮% (আট শতাংশ) এর মধ্যে যাহা সর্বোচ্চ সেই হারে অতিরিক্ত কর প্রযোজ্য হইবে;

(গ) নিম্নবর্ণিত এলাকায় অবস্থিত জমি বা জমিসহ বাড়ির জন্য প্রযোজ্য করহার:

| ক্রমিক নং | বাণিজ্যিক এলাকার নাম | করহার |
|---|---|---|
| ১. | দফা (ক) এবং (খ)-তে বর্ণিত নহে এমন এলাকা যাহা রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এবং চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) এর আওতাধীন | দলিল মূল্যের ৮% |
| ২. | গাজীপুর, নারায়াণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, ঢাকা ও চট্টগ্রাম জেলা [রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এবং চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ)ব্যতীত] এবং যে কোনো সিটি কর্পোরেশন (ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ব্যতীত) এবং ক্যান্টনমেন্ট বোর্ড | দলিল মূল্যের ৬% |
| ৩. | জেলা সদরে অবস্থিত পৌরসভা | দলিল মূল্যের ৬% |
| ৪. | অন্য যে কোনো পৌরসভা | দলিল মূল্যের ৪% |
| ৫. | দফা (ক), (খ) এবং (গ)-তে বর্ণিত নহে এমন যে কোনো এলাকা | দলিল মূল্যের ২% |

(৪) বিধি ৬ এর পর নিম্নরূপ নূতন বিধি ৬ক সন্নিবেশিত হইবে, যথা:—

"৬ক। **রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারীর নিকট হইতে কর সংগ্রহ।**—ধারা ১২৬ এর উদ্দেশ্যপূরণকল্পে, Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর বিধান মোতাবেক কোনো ভূমি বা ভবন বা অ্যাপার্টমেন্ট হস্তান্তরের জন্য কোনো দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি, নিম্নবর্ণিত সারণীতে নির্ধারিত হারে হস্তান্তরকারী কর্তৃক কর পরিশোধ না করা পর্যন্ত, রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারী ব্যবসায় নিয়োজিত কোনো ব্যক্তির নিকট হস্তান্তরের দলিলাদি নিবন্ধন করিবেন না, যথা:—

(ক) নিম্নবর্ণিত এলাকায় অবস্থিত নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার:

| ক্রমিক নং | এলাকার নাম | আবাসিক উদ্দেশ্যে নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটার) | বাণিজ্যিক উদ্দেশ্যে নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটার) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | ঢাকার গুলশান মডেল টাউন, বনানী, বারিধারা, মতিঝিল বাণিজ্যিক এলাকা এবং দিলকুশা বাণিজ্যিক এলাকা | ১ (এক) হাজার ৬০০ (ছয়শত) টাকা | ৬ (ছয়) হাজার ৫০০ (পাঁচশত) টাকা |
| ২. | ঢাকার ধানমন্ডি আবাসিক এলাকা, ডিফেন্স অফিসার্স হাউজিং সোসাইটি (ডিওএইচএস), মহাখালী, লালমাটিয়া হাউজিং সোসাইটি, উত্তরা মডেল টাউন, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট এলাকা, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা এবং চট্টগ্রামের পাঁচলাইশ আবাসিক এলাকা, খুলশি আবাসিক এলাকা, আগ্রাবাদ এবং নাসিরাবাদ | ১ (এক) হাজার ৫০০ (পাঁচশত) টাকা | ৫ (পাঁচ) হাজার টাকা |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ৩. | ক্রমিক নং (১) এবং (২) এ বর্ণিত নহে তবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনে অবস্থিত | ১ (এক) হাজার টাকা | ৩ (তিন) হাজার ৫০০ (পাঁচশত) টাকা |
| ৪. | অন্যান্য সিটি কর্পোরেশনে অবস্থিত | ৭০০ (সাতশত) টাকা | ২ (দুই) হাজার ৫০০ (পাঁচশত) টাকা |
| ৫. | ক্রমিক নং (১), (২), (৩) ও (৪) এ উল্লিখিত এলাকা ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত | ৩০০ (তিনশত) টাকা | ১ (এক) হাজার ২০০ (দুইশত) টাকা |

(খ) নিম্নবর্ণিত এলাকায় অবস্থিত ভূমির ক্ষেত্রে এবং যেইসব ক্ষেত্রে Stamp Act, 1899 (Act No. II of 1899) এর অধীন Stamp duty প্রযোজ্য সেই সকল ক্ষেত্রে প্রযোজ্য করহার:

| ক্রমিক নং | বাণিজ্যিক এলাকার নাম | করহার |
|---|---|---|
| ১. | ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী এবং চট্টগ্রাম জেলা | দলিল মূল্যের ৫% (পাঁচ শতাংশ)। |
| ২. | অন্য যেকোনো জেলা | দলিল মূল্যের ৩% (তিন শতাংশ)। |

।”।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**ড. সামস উদ্দিন আহমেদ**
সদস্য (গ্রেড-১)
(কর নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব), (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd